

ওটিস-লেনন স্কুল অ্যাবিলিটি টেস্ট  
অনুশীলনী পরীক্ষা

প্রিয় পিতামাতা/অভিভাবক,

অনুগ্রহপূর্বক জানবেন, এই চিঠির সঙ্গে ওটিস-লেনন স্কুল অ্যাবিলিটি টেস্ট: সপ্তম সংস্করণ (ওলস্যাট) অনুশীলনী প্রশ্নপত্র সংযুক্ত রয়েছে। সম্ভান বাস্তবে যে পরীক্ষার মুখোমুখি হবে, সে সম্পর্কে তাকে অভ্যস্ত করতে আপনি এ অনুশীলনী প্রশ্নপত্র ব্যবহার করতে পারেন। এই ওলস্যাট অনুশীলনী প্রশ্নপত্র অত্যন্ত গোপনীয়। নিচের শর্তের সাথে একমত হওয়া সাপেক্ষে এই অনুশীলনী প্রশ্নপত্রের গোপনীয়তা রক্ষা করা আপনার দায়িত্ব:

- প্রশ্নপত্রের সাধারণ বা বিশেষ উপাদান নিয়ে কারো সাথে আলোচনা করবেননা;
- এ প্রশ্নপত্র বা নির্দেশনার কোন অংশ কপি করবেননা;
- এ অনুশীলনী শুধুমাত্র সেই শিক্ষার্থীদের পিতামাতা/অভিভাবকেরা ব্যবহার করতে পারবেন, যারা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের মেধাবী ও প্রতিভাবান কর্মসূচিতে ভর্তি পরীক্ষায় অংশ নেয়ার জন্য আবেদনপত্র পূরণ করেছে।

প্রি-কিডারগার্টেন শিক্ষার্থীদের পিতামাতাগণ: অনুগ্রহ করে জেনে রাখবেন যে, উত্তরপত্রে শিক্ষার্থীরা বৃত্ত ভরাট করবে বলে প্রত্যাশা করা হবেনা; তবে তাদেরকে প্রতিটি ক্ষেত্রে পেন্সিল দিয়ে স্পষ্টভাবে তাদের নির্বাচিত উত্তর দেখিয়ে দিতে সক্ষম হতে হবে।

# ও.এল.এস.এ.টি. (OLSAT)

ওটিস-লেনন স্কুল অ্যাবিলিটি টেস্ট

সপ্তম সংস্করণ

আর্থার এস. ওটিস • রজার টি লেনন

অনুশীলনী পরীক্ষা

লেভেল 'সি'

পরিচালনার জন্য নির্দেশনা



0158610326



স্বত্ব © 2006 by Harcourt Assessment, Inc.

প্রমিত সংস্করণের স্বত্ব © 1995 by Harcourt Brace and Company.

সকল স্বত্ব সংরক্ষিত। প্রকাশকের লিখিত অনুমতি ব্যতীত এই প্রকাশনার কোন অংশ ফটোকপি, রেকর্ডিং, বা কোন ধরনের তথ্য সংরক্ষণ বা পুনরুৎপাদন প্রক্রিয়া সহ ইলেকট্রনিক বা যান্ত্রিক কোন মাধ্যমে বা উপায়ে, পুনঃপ্রকাশ বা প্রচার করা যাবে না। 'HARCOURT' (হারকোর্ট) এবং 'Harcourt' লোগো হচ্ছে হারকোর্ট, ইনক.-এর ট্রেডমার্ক যা মুস্তুরাক্ট এবং/অথবা অন্যান্য এখতিয়ারভুক্ত এলাকায় নিবন্ধিত। Otis-Lennon School Ability Test ('ওটিস-লেনন স্কুল অ্যাবিলিটি টেস্ট') এবং 'OLSAT' ('ও.এল.এস.এ.টি.') হচ্ছে মুস্তুরাক্ট এবং/অথবা অন্যান্য এখতিয়ারভুক্ত এলাকায় নিবন্ধিত ট্রেডমার্ক। এই কাজের অংশবিশেষ পূর্বে প্রকাশিত হয়েছে। মুস্তুরাক্টে মুদ্রিত।

## অনুশীলনী পরীক্ষা পরিচালনার জন্য নির্দেশনা

এই অনুশীলনী পরীক্ষার উদ্দেশ্য হচ্ছে শিক্ষার্থীদেরকে ওটিস-লেনন স্কুল অ্যাবিলিটি টেস্ট (ও.এল.এস.এ.টি., OLSAT)-এ অবতীর্ণ হওয়ার জন্য প্রস্তুত করা, যাতে পরীক্ষায় যে ধরনের প্রশ্ন আসে তার সাথে তারা পরিচিত হতে পারে। তারা পৃষ্ঠার বাম থেকে ডানে একটি সারি অনুসরণ করতে, তাদের উত্তরে যথাযথভাবে দাগ দিতে এবং প্রয়োজনবোধে তাদের উত্তর পরিবর্তন করতে শিখবে।

সত্যিকার পরীক্ষায় কি আসতে পারে তা বুঝতে অনুশীলনী পরীক্ষাগুলো শিক্ষার্থীদেরকে সহায়তা করে এবং এর ফলে উদ্বেগ কমাতে সাহায্য করে।

অনুশীলনী পরীক্ষায় কোন নম্বর দেয়া হবে না। সুতরাং, প্রশ্নগুলো সফলভাবে সম্পন্ন করার জন্য শিক্ষার্থীদেরকে যথাসম্ভব সহায়তা করতে হবে। সবচেয়ে কার্যকর ব্যবহারের জন্য, নিয়মিত পরীক্ষার তারিখের প্রায় এক সপ্তাহ আগে অনুশীলনী পরীক্ষা পরিচালনা করতে হবে। আপনার সুবিধার জন্য প্রশ্নগুলোর সঠিক উত্তর 12 নম্বর পৃষ্ঠায় দেয়া হয়েছে।

## পরিচালনার জন্য সুনির্দিষ্ট নির্দেশনা

শিক্ষার্থীদের প্রতি যে নির্দেশনা পড়তে হবে সেগুলো বাঁকা হরফে দেয়া হয়েছে। পিতামাতাদের প্রতি নির্দেশনা (এগুলো উচ্চস্বরে পড়তে হবে না) সাধারণ হরফে দেয়া হয়েছে। পরীক্ষার সময় কোন প্রশ্ন পড়তে যদি আপনি ভুল করেন, তাহলে থেমে যাবেন এবং বলবেন, “না, এটা ভুল হয়েছে। আবার শোন।” তারপর সেই প্রশ্ন বা নির্দেশনাটি সঠিকভাবে পড়বেন।

### বলুন

আজ আমরা কিছু আকর্ষণীয় কাজ করবো, যেগুলো ধাঁধার মতো।

নির্দেশনা বাঁকা হরফে দেয়ায় শিক্ষার্থীদেরকে প্রশ্ন সহজ পড়ে শোনানো যায়।

আমি তোমাকে একটি পুস্তিকা দিব। কি করতে হবে তা আমি তোমাকে বলার আগে পর্যন্ত তোমার পুস্তিকাটিতে কিছু লিখবে না।

অনুশীলনী পরীক্ষার পুস্তিকাটি সামনের পৃষ্ঠাটি উপরের দিকে রেখে বিতরণ করুন। আপনার সন্তান একটি পুস্তিকা, একটি পেন্সিল এবং একটি ইরেজার পেয়েছে তা নিশ্চিত করুন।

এখন অনুশীলনী পরীক্ষাটি শুরু করুন।

### বলুন

এখন আমরা কয়েকটি সমস্যা নিয়ে কাজ করবো। সম্ভবত তোমার কাছে এগুলোকে ধাঁধার মতো আকর্ষণীয় এবং অস্বাভাবিক মনে হতে পারে। তোমার পুস্তিকায় তোমার উত্তরগুলোতে দাগ দেবে। আমরা যখন কাজ করতে থাকবো তখন প্রতিটি সমস্যা নিয়ে আলোচনা করবো, যাতে তুমি বুঝতে পার যে সেগুলোর প্রত্যেকটিতে কিভাবে কাজ করতে হবে।

তোমার পুস্তিকাটির পৃষ্ঠা 3 খোল।

আপনার সন্তান তার পুস্তিকাটি সঠিকভাবে খুলেছে এবং সেটি পৃষ্ঠা খি দেখাচ্ছে তা নিশ্চিত করুন।

### বলুন

ওয়ান। ওয়ান সংখ্যা দিয়ে পৃষ্ঠার উপরের ছবিগুলো খুঁজে বের কর। যখন ছবিগুলো পৃষ্ঠার উপর এভাবে আড়াআড়িভাবে থাকে, তখন আমরা বলি যে তারা একটি সারিতে রয়েছে।

এই সারিতে, তুমি পাঁচটি ছবি দেখতে পাচ্ছ। এই ছবিগুলোর একটি ছবি অন্যগুলোর সাথে মিলে না, কারণ এটি অন্য ছবিগুলোর চেয়ে আলাদা। তুমি কি আমাকে বলতে পারবে যে এখানকার কোন ছবিটি অন্যগুলোর চেয়ে আলাদা?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

### বলুন

হ্যাঁ, ঠিক ধরেছ। একমাত্র খরগোশটি হচ্ছে ভিনু, তাই না? অন্য সবগুলো ছবিতে কিছু না কিছু নেই। ঘড়িটির কাঁটা নেই, ছেলেটির মুখ নেই, টেবিলের পায়্যা নেই, এবং টেলিফোনের নম্বর নেই। খরগোশটির কোন কিছু বাদ পড়েনি, তাই এটি এই সারির অন্য ছবিগুলোর সাথে মিলে না।

### বলুন

এখন আমি তোমাকে দেখাবো যে কিভাবে তোমার উত্তরে দাগ দিতে হবে। তুমি কি ছবিগুলোর নিচে ছোট ছোট বৃত্ত দেখতে পাচ্ছ? আমরা এগুলোকে বলি উত্তরের স্থান। যেহেতু খরগোশটি এই সারির অন্য ছবিগুলোর সাথে মিলে না, তাই তুমি খরগোশটির নিচের জায়গাটি ভরাট করবে। এভাবে দাগ দিতে হবে।

একটি উত্তরের বৃত্ত এঁকে এবং এটিকে পূরণ করে, উত্তরের স্থানটি কিভাবে চিহ্নিত করতে হবে তা আপনার সন্তানকে দেখিয়ে দিন। আপনার সন্তানকে সম্পূর্ণ দাগগুলো শুধুমাত্র উত্তরের বৃত্তের ভিতরেই রাখতে হবে তার প্রয়োজন নেই, এবং বৃত্তের ভিতরের অংশটি সম্পূর্ণভাবে ভরাট করার প্রয়োজন নেই। আপনার সন্তান কোন উত্তর পরিবর্তন করতে চাইলে কিভাবে সেটি মুছে ফেলতে হবে তা দেখিয়ে দিন। নির্দেশনাগুলো সঠিকভাবে অনুসরণ করা নিশ্চিত করুন।

একটি উত্তরের স্থান কিভাবে পূরণ করতে হবে তা দেখিয়ে দিলে অনেক শিক্ষার্থীর সুবিধা হয়।

**বলুন**

টু। এখন প্রশ্ন টু-এর দিকে লক্ষ্য কর। এই সারিতে, তুমি কয়েকটি গোলাকৃতি তীরচিহ্ন দেখতে পাচ্ছ। এই তীরচিহ্নগুলোর একটি অন্যগুলোর সাথে মিলে না। কোন আকৃতিটি অন্যগুলোর সাথে মিলে না?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

**বলুন**

হ্যাঁ, ঠিক ধরেছ। চতুর্থ তীরচিহ্নটি অন্যগুলোর সাথে মিলে না। এই তীরচিহ্নটি অন্যগুলোর চেয়ে ভিন্ন কারণ এটি অন্যগুলোর চেয়ে ভিন্ন দিকে যাচ্ছে। অন্য সবগুলো তীরচিহ্ন ঘড়ির মতো একই দিকে যাচ্ছে, কিন্তু চতুর্থ তীরচিহ্নটি উল্টা দিকে যাচ্ছে। চতুর্থ তীরচিহ্নটির নিচের বৃত্তে দাগ দাও। তুমি কি বুঝতে পারছ?

কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন। আপনার সন্তান উত্তরের জায়গাটি সঠিকভাবে পূরণ করছে তা নিশ্চিত করুন। তারপর প্রশ্ন থ্রি-তে চলে যান।

**বলুন**

থ্রি। এখন প্রশ্ন থ্রি-এর দিকে লক্ষ্য কর। এই সারিতে, তুমি কয়েকটি ভিন্ন জিনিসের ছবি দেখতে পাচ্ছ। যে ছবিটি অন্যগুলোর সঙ্গে মিলে না সেটির নিচের বৃত্তে দাগ দাও।

আপনার সন্তান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

**বলুন**

তুমি কোন জায়গাতে দাগ দিয়েছ?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

**বলুন**

হ্যাঁ, তুমি নিশ্চয়ই প্রথম ছবিটির নিচের বৃত্তে দাগ দিয়েছ। দেখা যাক কেন দিয়েছ। সবগুলো ছবিতে এমন জিনিস দেখা যাচ্ছে যেগুলো বহন করা যায়, কিন্তু জিনিসগুলোর চারটিকে ব্যবহার করা হয় অন্য বস্তুকে বহন করার জন্য। রেডিও হচ্ছে একমাত্র জিনিস যেটিকে অন্য বস্তু বহন করার জন্য ব্যবহার করা যায় না। তুমি কি বুঝতে পারছ যে প্রথম ছবিটি কেন সঠিক উত্তর?

সতর্কতার সাথে ব্যাখ্যা করলে শিক্ষার্থীদের বুঝতে সুবিধা হয় যে ভুল উত্তরগুলো কেন ভুল।

আপনার সন্তান নম্বর থ্রি প্রশ্নটি বুঝতে পেরেছে তা নিশ্চিত করুন। তারপর প্রশ্ন ফোর-এ চলে যান।

**বলুন**

ফোর। এখন প্রশ্ন ফোর-এর দিকে লক্ষ্য কর। এই সারিতে, তুমি কয়েকটি আকৃতি দেখতে পাচ্ছ। যে আকৃতিটি অন্যগুলোর সাথে মিলে না সেটির নিচের বৃত্তে দাগ দাও।

আপনার সন্তান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

**বলুন**

তুমি কোন জায়গাটিতে দাগ দিয়েছ?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

**বলুন**

হ্যাঁ, শেষ আকৃতিটি অন্যগুলোর চেয়ে ভিন্ন, তাই না? সবগুলো আকৃতিতে একটি বাঁকা রেখা রয়েছে যেটি সবগুলো সরলরেখাকে অতিক্রম করে। শেষ আকৃতিটিতে, বাঁকা রেখাটি শুধুমাত্র চারটি রেখাকে অতিক্রম করে, সবগুলোকে নয়। তুমি কি বুঝতে পারছ?

সব প্রশ্নের উত্তর দিন।

**বলুন**

যদি তুমি অন্য কোন ঘরের নিচের বৃত্তে দাগ দিয়ে থাক, তাহলে সেই দাগটি মুছে ফেল এবং তারপর পঞ্চম আকৃতিটির নিচের বৃত্তে দাগ দাও।

আপনার সম্ভানকে মোছার এবং সঠিক উত্তরে দাগ দিতে সময় দেয়ার জন্য থামুন।

**বলুন**

এখন নম্বর ফোর পৃষ্ঠায় চলে যাও।

প্রতিবার পরীক্ষার ধরন পরিবর্তনের সময় শিক্ষার্থীদের কাছে সতর্কতার সাথে ব্যাখ্যা করতে হবে।

ফাইভ। পৃষ্ঠার উপরের অংশে প্রশ্ন ফাইভ-এর দিকে লক্ষ্য কর। উপরের দুইটি ঘরের ছবিগুলোর দিকে লক্ষ্য কর। এই ছবিগুলো একত্রে একটি নির্দিষ্ট ধারা অনুসরণ করেছে। এখন নিচের প্রথম ঘরের ছবিটির দিকে লক্ষ্য কর। এটির পাশের খালি ঘরে কি থাকা উচিত সেই সম্পর্কে চিন্তা কর। তারপর ঘরগুলোর পাশের সারিতে তোমার উত্তরটি খুঁজে দেখ এবং সেটির নিচের বৃত্তে দাগ দাও।

বিরতি দিন।

**বলুন**

তুমি নিশ্চয়ই প্রথম ছবিটির নিচের বৃত্তে দাগ দিয়েছ। একটি কারের চাকা একটি স্টিয়ারিং হুইলের সাথে একইভাবে যায়, যেভাবে একটি বাইসাইকেলের চাকা বাইসাইকেলের হ্যান্ডেলবারের সাথে যায়। যদি তুমি অন্য কোন বৃত্তে দাগ দিয়ে থাক, তাহলে সেই দাগটি মুছে ফেল এবং তারপর প্রথম বৃত্তে দাগ দাও।

আপনার সম্ভানকে মোছার এবং সঠিক উত্তরে দাগ দিতে সময় দেয়ার জন্য থামুন।

**বলুন**

কোন প্রশ্ন আছে?

সব প্রশ্নের উত্তর দিন। প্রয়োজনবোধে পুনরায় ব্যাখ্যা করুন। তারপর প্রশ্ন সিক্স-এ চলে যান।

**বলুন**

সিক্স। এখন প্রশ্ন সিক্স-এর দিকে লক্ষ্য কর। উপরের দুইটি ঘরের আকৃতিগুলোর দিকে লক্ষ্য কর। এই আকৃতিগুলো একত্রে একটি নির্দিষ্ট ধারা অনুসরণ করেছে। এখন নিচের প্রথম ঘরের দিকে লক্ষ্য কর। এখানে তুমি অন্য ধরনের আকৃতি দেখতে পাচ্ছ। এটির পাশের খালি ঘরে কি থাকা উচিত সেই সম্পর্কে চিন্তা কর। নিচের সারির আকৃতিটির সাথে কি যায়, ঠিক যেভাবে উপরের সারির দুইটি আকৃতি একসাথে যায়? ঘরগুলোর পাশের সারিতে তোমার উত্তরটি খুঁজে দেখ এবং সেটির নিচের বৃত্তে দাগ দাও।

আপনার সম্ভান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

শিক্ষার্থীরা প্রক্রিয়াটি বুঝতে পারছে তা নিশ্চিত করার জন্য অনূর্শালনী পরীক্ষায় যতক্ষণ প্রয়োজন সময় দিতে পারেন।

**বলুন**

তুমি নিশ্চয়ই তৃতীয় ছবিটির নিচের উত্তরের জায়গায় দাগ দিয়েছ। এখন দেখা যাক কেন দিয়েছ। উপরের প্রথম ঘরটিতে একটি বৃত্ত আছে যাতে দুইটি সাদা অংশ এবং দুইটি কালো অংশ আছে। কালো অংশগুলো দুই পাশে রয়েছে। দ্বিতীয় ঘরটিতে একই বৃত্ত আছে, কিন্তু এটিকে ঘুরানো হয়েছে যাতে কালো অংশগুলো উপরে এবং নিচে রয়েছে। এখন নিচের প্রথম ঘরের বর্গক্ষেত্রটির দিকে লক্ষ্য কর। এই বর্গক্ষেত্রটিও ঘুরে যাবে যাতে কালো অংশগুলো উপরে এবং নিচে থাকে। তুমি কি লক্ষ্য করেছ যে তৃতীয় উত্তরটি কেন সঠিক?

সব প্রশ্নের উত্তর দিন। তারপর প্রশ্ন সেভেন-এ চলে যান।

**বলুন**

সেভেন। এখন প্রশ্ন সেভেন-এর দিকে লক্ষ্য কর। উপরের দুইটি ঘরের ছবিগুলোর দিকে লক্ষ্য কর। এই ছবিগুলো একত্রে একটি নির্দিষ্ট ধারা অনুসরণ করছে। এই দুইটি ছবি কিভাবে একসাথে যায় সেটি ভেবে দেখ। এখন নিচের প্রথম ঘরের ছবিটির দিকে লক্ষ্য কর। এখানে তুমি একটি মোমবাতি দেখতে পাচ্ছ। মোমবাতিটির পাশের খালি ঘরে কি থাকা উচিত তা ভেবে দেখ। তোমার উত্তরের নিচের বৃত্তে দাগ দাও।

আপনার সম্ভান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

**বলুন**

তুমি কোন জায়গাটিতে দাগ দিয়েছ?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

**বলুন**

হ্যাঁ, তুমি নিশ্চয়ই শেষ ছবিটি, লাইট বাল্ব-এর নিচের বৃত্তে দাগ দিয়েছ। ঘরের উপরের সারির ভিতরের ছবিগুলোর দিকে লক্ষ্য কর। ঝাড়ু এবং ভ্যাকুয়াম উভয়টিই হচ্ছে পরিষ্কার করার জিনিস। ভ্যাকুয়াম হচ্ছে পরিষ্কার করার একটি আধুনিক উপায়। এখন নিচের প্রথম ঘরের দিকে লক্ষ্য কর। মোমবাতি হচ্ছে এমন একটি জিনিস যা আলো তৈরি করে। সারির পরবর্তী অংশের লাইট বাল্বটি সঠিক উত্তর কারণ এটি হচ্ছে আলো তৈরির একটি আধুনিক উপায়। তুমি কি বুঝতে পারছ যে লাইট বাল্বটি কেন সঠিক উত্তর?

কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন, প্রয়োজনবোধে আরো ব্যাখ্যা করুন।

**বলুন**

যদি তুমি অন্য কোন উত্তরের নিচের বৃত্তে দাগ দিয়ে থাক, তাহলে সেই দাগটি মুছে ফেল এবং তারপর লাইট বাল্বটির নিচের বৃত্তে দাগ দাও।

উত্তর মুছে ফেলা এবং সেগুলো পরিবর্তন করতে স্বাচ্ছন্দ্য বোধ করার জন্য শিক্ষার্থীদেরকে উৎসাহিত করা হচ্ছে।

আপনার সম্ভানকে মোছার এবং সঠিক উত্তরে দাগ দিতে সময় দেয়ার জন্য থামুন। তারপর প্রশ্ন এইট-এ চলে যান।

**বলুন**

প্রশ্ন এইট-এর দিকে লক্ষ্য কর। উপরের দুইটি ঘরের আকৃতির দিকে লক্ষ্য কর। এই আকৃতিগুলো একত্রে একটি নির্দিষ্ট ধারা অনুসরণ করছে। এখন নিচের প্রথম ঘরের আকৃতিটির দিকে লক্ষ্য কর। এটির পাশের খালি ঘরে কি থাকা উচিত সেই সম্পর্কে

ভেবে দেখ। তারপর ঘরগুলোর পাশের সারিতে তোমার উত্তরটি খুঁজে দেখ এবং সেটির নিচের বৃত্তে দাগ দাও।

আপনার সম্ভান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

**বলুন**

তুমি নিশ্চয়ই তৃতীয় আকৃতিটির নিচের বৃত্তে দাগ দিয়েছ। দেখা যাক কেন। ঘরগুলোর দিকে আবার লক্ষ্য কর। উপরের প্রথম ঘরে, আকৃতিটি সাদা। দ্বিতীয় ঘরে, একই আকৃতির নিচের অর্ধেক ধূসর। এখন নিচের প্রথম ঘরের আকৃতিটির দিকে লক্ষ্য কর। এই আকৃতিটি উপরেরটির মতো সাদা। সারির পরবর্তী অংশে আকৃতিগুলোর দিকে লক্ষ্য কর। তৃতীয় আকৃতিটির আকার নিচের প্রথম আকৃতিটির মতো এবং এর নিচের অর্ধেক ধূসর। অন্য উত্তরগুলো ভুল কারণ সেগুলো সঠিকভাবে ধূসর নয় অথবা সেগুলোর আকৃতি এক নয়। তুমি কি বুঝতে পারছ যে তৃতীয় উত্তরটি কেন সঠিক?

আপনার সম্ভানের কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন। প্রয়োজনবোধে পুনরায় ব্যাখ্যা করুন।

**বলুন**

এখন পরবর্তী পৃষ্ঠা, পৃষ্ঠা ফাইভ-এর উপরের অংশে চলে যাও।

নাইন। প্রশ্ন নাইন-এর দিকে লক্ষ্য কর। সারির প্রথমদিকের ঘরগুলোর ভিতরের ছবিগুলোর দিকে লক্ষ্য কর। এই ছবিগুলো একত্রে একটি নির্দিষ্ট ধারা অনুসরণ করছে। খালি ঘরে কোন একটা কিছু বসবে। চল একসাথে বের করা যাক সেই ঘরটিতে কি থাকবে। ঘর থেকে ঘরে কি ঘটছে?

ও.এল.এস.এ.টি.-এ যে দক্ষতার মূল্যায়ন করা হয়, তার সবগুলো অনুশীলনী পরীক্ষায় অন্তর্ভুক্ত হয়েছে।

উত্তরের জন্য অপেক্ষা করুন।

**বলুন**

হ্যাঁ, আকৃতিগুলোতে তীরচিহ্ন রয়েছে যেগুলো ভিন্ন দিকে মুখ করে আছে। প্রথম ঘরে, একটি বর্গক্ষেত্রের মধ্যে একটি তীরচিহ্ন নিচের দিকে মুখ করে আছে। দ্বিতীয় ঘরে একটি বৃত্তের মধ্যে একটি তীরচিহ্ন বাম দিকে মুখ করে আছে। তৃতীয় ঘরে আবারো একটি বর্গক্ষেত্র রয়েছে, কিন্তু তীরচিহ্নটি উপরের দিকে মুখ করে আছে। পরবর্তী ঘরে আবারো একটি বৃত্ত রয়েছে, কিন্তু তীরচিহ্নটি ডান দিকে মুখ করে আছে। খালি ঘরটিতে কি বসবে?

উত্তরের জন্য থামুন।

**বলুন**

পরবর্তী যে আকৃতিটি ঘরের ভিতরে যাবে তা হচ্ছে একটি বর্গক্ষেত্র, তাই না? তাই, আমরা জানি যে বৃত্তের দুইটি উত্তরই ভুল। যেহেতু ঘরের মধ্যের বর্গক্ষেত্রগুলোর ভিতরের তীরচিহ্নগুলো শুধু উপরে এবং নিচে মুখ করে আছে, তাই আমরা জানি, যে বর্গক্ষেত্রটির ভিতরের তীরচিহ্নটি ডানদিকে মুখ করে আছে সেটি সঠিক উত্তর নয়। তোমাকে প্রথম উত্তরটির নিচের বৃত্তে দাগ দিতে হবে, যে বর্গক্ষেত্রটির ভিতরের তীরচিহ্নটি নিচের দিকে মুখ করে আছে। তুমি কি বুঝতে পারছ?

আপনার সম্ভান বুঝতে পেরেছে তা নিশ্চিত করুন। প্রয়োজনবোধে, আরো ব্যাখ্যা করুন।

**বলুন**

টেন। এখন প্রশ্ন টেন-এর দিকে লক্ষ্য কর। সারির প্রথম দিকের ছবিটি গ্লোরিয়া এবং তার বন্ধুদেরকে দেখা যাচ্ছে। তাদের কাছে ঠিক সেই পরিমাণ বিস্কুট রয়েছে যাতে প্রত্যেকে দুইটি করে পেতে পারে। সারির পরবর্তী অংশে, সেই ছবির নিচের বৃত্তে দাগ দাও, যেটি দেখাচ্ছে যে তাদের সর্বমোট কয়টি বিস্কুট রয়েছে।

আপনার সম্ভান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন

তুমি কোন বৃত্তে দাগ দিয়েছ?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন

হ্যাঁ, তুমি নিশ্চয়ই তৃতীয় ছবিটির নিচের বৃত্তে দাগ দিয়েছ। গ্লোরিয়া এবং তার বন্ধুরা প্রত্যেকে দুইটি করে বিস্কুট পেতে হলে, সেখানে আটটি বিস্কুট থাকতে হবে। তুমি বুঝতে পারছ যে পাটিগণিত অতোটা কঠিন নয়। তোমাকে শুধু মনোযোগ দিয়ে শুনতে হবে। তোমার কোন প্রশ্ন থাকলে হাত উঠাও।

সব প্রশ্নের উত্তর দিন। তারপর নম্বর ইলেভেনে চলে যান।

বলুন

ইলেভেন। এখন প্রশ্ন ইলেভেন-এ চলে যাও। সারির প্রথমদিকে ঘরের ভিতরের অক্ষরগুলোর দিকে লক্ষ্য কর। এই নিয়মটি শোন: A-এর পরিবর্তে X ব্যবহার করা হয়েছে, এবং M-এর পরিবর্তে C ব্যবহার করা হয়েছে। সারির পরবর্তী অংশে, সেই অক্ষরগুলোর নিচে দাগ দাও যেগুলো A এবং M-এর পরিবর্তে ব্যবহার করা হয়েছে। আবার শোন। A-এর পরিবর্তে X ব্যবহার করা হয়েছে, এবং M-এর পরিবর্তে C ব্যবহার করা হয়েছে। সারির পরবর্তী অংশে, সেই অক্ষরগুলোর নিচের বৃত্তে দাগ দাও যেগুলো A এবং M-এর পরিবর্তে ব্যবহার করা হয়েছে।

অনুশীলনী পরীক্ষায় কাঠিন্যের সকল স্তরের প্রশ্ন অন্তর্ভুক্ত রয়েছে, যাতে শিক্ষার্থীরা বুঝতে পারে যে প্রকৃত পরীক্ষায় কি আসতে পারে।

আপনার সম্ভান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন

তুমি কোন জায়গাটিতে দাগ দিয়েছ?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন

তুমি নিশ্চয়ই অক্ষরগুলোর দ্বিতীয় সেটের নিচের বৃত্তে দাগ দিয়েছ। যেহেতু A-এর পরিবর্তে X ব্যবহার করা হয়েছে, তাই আমরা জানি যে X অক্ষরটি প্রথমে বসবে। এবং এবং M-এর পরিবর্তে C ব্যবহার করা হয়েছে, তাই C অক্ষরটি পরে বসবে। আমরা এইমাত্র যা করলাম সে সম্পর্কে তোমার কোন প্রশ্ন আছে?

আপনার সম্ভানের কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন।

বলুন

টুয়েলভ। এখন প্রশ্ন টুয়েলভ-এর দিকে লক্ষ্য কর। শোন। সারির প্রথম দিকের ছবিটিতে লিজ এবং ম্যাট-এর লাঞ্চ দেখা যাচ্ছে। তারপর লিজ তার স্যান্ডউইচ-এর অর্ধেকটা খেয়েছে এবং তার জুস পুরোটা খেয়েছে। ম্যাট শুধু তার আপেলটা খেয়েছে। সারির পরবর্তী অংশে, সেই ছবিটির নিচের বৃত্তে দাগ দাও যেটি লিজ এবং ম্যাট-এর এখনকার লাঞ্চ দেখা যাচ্ছে।

আকর্ষণীয় শিল্পকর্ম শিক্ষার্থীদের জন্য পরীক্ষাকে কম ক্লাস্তিকর করে থাকে।

আপনার সম্ভান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন

তুমি কি উত্তরটি খুঁজে পেয়েছ?

উত্তরের জন্য থামুন।

বলুন

দ্বিতীয় ছবিটি সঠিক উত্তর, তাই না? দ্বিতীয় ছবিতে দেখা যাচ্ছে একটি লাঞ্চে অর্ধেকটা স্যান্ডউইচ এবং পুরোটা জুস নেই এবং অন্য লাঞ্চে শুধু আপেলটি নেই। যদি তুমি অন্য কোন উত্তরে দাগ দিয়ে থাক, তাহলে সেই দাগটি মুছে ফেল এবং তারপর দ্বিতীয় ছবির নিচের বৃত্তে দাগ দাও।

আপনার সম্ভানকে মোছার এবং সঠিক উত্তরে দাগ দিতে সময় দেয়ার জন্য থামুন।

বলুন

এখন পৃষ্ঠাটি উল্টাও। সারি থার্টিন-এর দিকে লক্ষ্য কর।

থার্টিন। ঘরের ভিতরের ছবিগুলো একত্রে একটি নির্দিষ্ট ধারা অনুসরণ করছে। খালি জায়গাটিতে কোন একটা কিছু থাকবে। খালি ঘরে কি যাবে সেটা ভেবে দেখো। তারপর সারিটির পরবর্তী অংশে তোমার উত্তরের নিচের বৃত্তে দাগ দাও।

আপনার সম্ভান উত্তরের নিচে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন

উপরের প্রথম সারিতে, বড় বর্গক্ষেত্র রয়েছে যেগুলোর মধ্যে ছোট সাদা বৃত্ত আছে। প্রথমে সেখানে চারটি ছোট বৃত্ত আছে, তারপর তিনটি বৃত্ত আছে এবং তারপর দুইটি বৃত্ত আছে। দ্বিতীয় সারিতে বড় বৃত্ত দেখা যাচ্ছে যেগুলোর মধ্যে ছোট সাদা বর্গক্ষেত্র আছে। শেষ সারিটি বড় বর্গক্ষেত্র দেখাচ্ছে যেগুলোর মধ্যে ছোট ধূসর বৃত্ত আছে। সেখানে চারটি বৃত্ত আছে এবং তারপর তিনটি। তুমি নিশ্চয়ই শেষ উত্তরটির নিচের বৃত্তে, যেখানে একটি বড় বর্গক্ষেত্র আছে যার ভিতরে দুইটি ছোট ধূসর বৃত্ত আছে, সেখানে দাগ দিয়েছ। তুমি কি বুঝতে পারছ যে চতুর্থ উত্তরটি কেন সঠিক?

কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন। প্রয়োজনবোধে আরো ব্যাখ্যা করুন।

বলুন

ফোরটিন। প্রশ্ন ফোরটিন-এর দিকে লক্ষ্য কর। সারির প্রথমদিকের ঘরগুলোর ভিতরের অক্ষরগুলোর দিকে লক্ষ্য কর। কি ঘটছে তা শোন।  $M$  সেই জায়গায় যায় যেখানে  $G$  আছে।  $J$  সেই জায়গায় যায় যেখানে  $F$  আছে।  $G$ ,  $F$ , এবং  $B$  বাদ পড়ে যায়। সারির পরবর্তী অংশে, সেই ছবিটির নিচের বৃত্তে দাগ দাও যেটি দেখাচ্ছে যে এখন অক্ষরগুলো কেমন দেখাচ্ছে। কি ঘটছে তা আবার শোন।  $M$  সেই জায়গায় যায় যেখানে  $G$  আছে।  $J$  সেই জায়গায় যায় যেখানে  $F$  আছে।  $G$ ,  $F$ , এবং  $B$  বাদ পড়ে যায়। তোমার উত্তরের নিচের বৃত্তে দাগ দাও।

আপনার সম্ভান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন

তুমি কোন্ ছবিটির নিচের বৃত্তে দাগ দিয়েছ?

উত্তরের জন্য থামুন।

বলুন

হ্যাঁ, তৃতীয় উত্তরটি সঠিক। তুমি দেখছো যে  $M$  সেই জায়গায় গিয়েছে যেখানে  $G$  ছিল,  $J$  সেই জায়গায় গিয়েছে যেখানে  $F$

ছিল, এবং G, F এবং B বাদ পড়ে গেছে। অন্য উত্তরগুলো ভুল, কারণ M এবং J ভুল জায়গায় রয়েছে অথবা ঘরগুলোতে এমন কোন অক্ষর রয়েছে যেটির বাদ পড়ে যাওয়ার কথা ছিল। কোন প্রশ্ন আছে?

কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন।

**বলুন**

ফিফটিন। এখন পরবর্তী সারিতে যাও। সারির প্রথমদিকের তিনটি তীরচিহ্নের প্রতি লক্ষ্য কর। সোজা তীরচিহ্নের অর্থ হচ্ছে দাঁড়াও। বাঁকানো তীরচিহ্নের অর্থ হচ্ছে বসো। ভাঙা তীরচিহ্নের অর্থ হচ্ছে লাফাও। সারির পরবর্তী অংশে, তীরচিহ্নের সেই দলটির নিচের বৃত্তে দাগ দাও যার অর্থ হচ্ছে বসো, দাঁড়াও, লাফাও, দাঁড়াও।

আপনার সম্ভান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

**বলুন**

তুমি কোন্ বৃত্তটিতে দাগ দিয়েছ?

উত্তরের জন্য থামুন।

**বলুন**

ঠিক ধরেছ, প্রথম উত্তরটি সঠিক। এটিই একমাত্র উত্তর যেখানে তীরচিহ্নগুলো দেয়া আছে, যার অর্থ হচ্ছে বসো, দাঁড়াও, লাফাও, দাঁড়াও। তুমি কি প্রথম উত্তরটির নিচে দাগ দিয়েছ?

প্রয়োজনবোধে ফিফটিন নম্বর প্রশ্ন আরো ব্যাখ্যা করুন।

**বলুন**

সিক্সটিন। শেষ সারির প্রতি লক্ষ্য কর। সেই ছবির নিচের বৃত্তে দাগ দাও যাতে দেখা যাচ্ছে: টুপি পরা লম্বা দুইটি শিশু টুপি না পরা খাটো তিনটি শিশুর পিছনে রয়েছে।

আপনার সম্ভান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

**বলুন**

তুমি কোন্ বৃত্তটিতে দাগ দিয়েছ?

উত্তরের জন্য থামুন।

**বলুন**

হ্যাঁ, চতুর্থ উত্তরটিই সঠিক। এটিই একমাত্র ছবি যেটিতে টুপি পরা লম্বা দুইটি শিশু টুপি না পরা খাটো তিনটি শিশুর পিছনে দাঁড়িয়ে রয়েছে। তুমি কি বুঝতে পারছ?

আপনার সম্ভান সিক্সটিন নম্বর প্রশ্নটি বুঝতে পেরেছে তা নিশ্চিত করুন।

**বলুন**

এখনকার মতো আমাদের কাজ শেষ। তোমার পেন্সিলটি নামিয়ে রাখ। কয়েকদিনের মধ্যে, আমরা এরকম আরো কয়েকটি সমস্যার সমাধান করবো। সেগুলো তোমার কাছে পরিচিত মনে হবে, কারণ তুমি মনে করতে পারবে যে সেগুলো কিভাবে কাজ করে। তোমার পুস্তিকাটি বন্ধ কর যাতে সামনের প্রচ্ছদটি উপরে থাকে।

পরীক্ষার পুস্তিকাটি সংগ্রহ করুন। অনুশীলনী পরীক্ষার এখানেই সমাপ্তি।

সঠিক উত্তরের তালিকা


1	3
2	4
3	1
4	5
5	1
6	3
7	4
8	3
9	1
10	3
11	2
12	2
13	4
14	3
15	1
16	4

# OISAT

## Otis-Lennon School Ability Test

Seventh Edition

Arthur S. Otis • Roger T. Lennon



# PRACTICE TEST

**HARCOURT®** Educational  
**BRACE** Measurement



SAN ANTONIO  
Orlando • Boston • New York • Chicago • San Francisco • Atlanta • Dallas  
San Diego • Philadelphia • Austin • Fort Worth • Toronto • London • Sydney








# Practice Test Level C

1





2



3




4








5





6



7





8









9



10



11



AX



XC



MA



CM




12









13



14



15



16

